

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
আইন-২ শাখা



জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়ন সংক্রান্ত
নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ সিনিয়র সচিব
সভার তারিখ	: ১৩/১১/২০২৩ খ্রিঃ
সভার সময়	সকাল: ১০.০০ টা
স্থান	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-২০৮, ভবন নং-৮)
উপস্থিতি	উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট- 'ক' সংযুক্ত।

সভাপতি উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য ও এর পরিধি আলোচনা করেন। তিনি বলেন, দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং এ সংক্রান্ত নির্দেশনা ও অনুশাসনসমূহ জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থায় যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মোতাবেক জননিরাপত্তা বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের NIS সফটওয়্যার এ আপলোড করা হয়েছে। এছাড়া জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন ও দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত এ বিভাগে কর্মকর্তা/প্রশিক্ষণ প্রদানসহ আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder's) এর সভা অনুষ্ঠিত হয়েছে।

অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি)' সভায় জানান যে, জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), উদ্ভাবনী কার্যক্রমও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে বাস্তবায়নের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ সচেষ্ট রয়েছে। নিজ নিজ সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ (update) করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যও সভায় আলোচনা হয়।

সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর হতে আগত প্রতিনিধিগণ (পুলিশ, বিজিবি, আনসার, কোস্টগার্ড, এনটিএমসি, তদন্ত সংস্থা) আলাদা-আলাদাভাবে তাঁদের দপ্তর/সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২৩-২০২৪ অর্থবছরে জননিরাপত্তা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে ঐকমত পোষণ করেন এবং যথাসময়ে নির্ধারিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করবেন মর্মে অঙ্গীকার ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে স নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.১	সুশাসন ও দক্ষতা বৃদ্ধি লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ ও দপ্তর সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণ আয়োজন করতে হবে। শুদ্ধাচার বিষয়ে মোটিভেশনাল বিষয় অন্তর্ভুক্ত করে একটি প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করতে হবে। এছাড়াও উক্ত প্রশিক্ষণে অভিজ্ঞ ব্যক্তিদের অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ জানাতে হবে। দপ্তর/সংস্থায় মাঠ পর্যায়ে কর্মকর্তাদের অনলাইনে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ/ পুলিশ ও এনটিএমসি) ও দপ্তর/সংস্থা প্রধান (সকল)
১.২	জননিরাপত্তা বিভাগ ও সকল দপ্তর/সংস্থায় সেবা প্রত্যাশীদের সেবা প্রাপ্তি সংক্রান্ত feedback গ্রহণ করতে হবে। প্রাথমিকভাবে জননিরাপত্তা বিভাগে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান(সকল), অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ)
১.৩	দপ্তর/সংস্থাসমূহ নিজস্ব কার্যপরিধির মধ্যে থেকে বাহ্যিক ও আভ্যন্তরীণ ইতিবাচক পরিবর্তনের ক্ষেত্র নির্ধারণ করে তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল)
১.৪	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বর্ণিত কার্যক্রমের বিপরীতে নির্ধারণকৃত কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে এ বিভাগের সকল অনুবিভাগের সম্পৃক্ততা থাকায় নিজ নিজ উইংয়ের সাথে সম্পৃক্ত টার্গেটসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের পদক্ষেপ গ্রহণ করবেন।	অনুবিভাগ প্রধান (সকল)
১.৫	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থাসমূহ কর্তৃক নিয়মিতভাবে স্ব স্ব দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান অব্যাহত রাখতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল)

সভাপতি উপস্থিত সকলকে তাঁদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ
সিনিয়র সচিব


স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০৫৬.৯৯.০০৬.২৩.১৪৪৮

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০

১৪ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।
- ২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ



আশাফুর রহমান
উপসচিব